


মোহন বাগানে পুনে সিটির রহিত জর্ডন

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: শনিবার সকালে ময়দানে প্রবল বৃষ্টি হয়। মোহন বাগান মাঠে প্রেস ক্লাবের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে একটি প্রদর্শনী ম্যাচ ছিল। গৌতম সরকার, রহিম নবিদের সঙ্গে মন্ত্রী লক্ষীরতন গুপ্তাকেও মাঠে দেখা যায়। এতে মাঠটির ক্ষতি হয়। সেই জন্য বিকেলে মোহন বাগানের অনুশীলন হয়নি। সকালে মোহন বাগান কোচ শঙ্করলাল চক্রবর্তী ফিজিক্যাল ট্রেনারকে নিয়ে দলের খেলোয়াড়দের শারীরিক সক্ষমতা বাড়ানোর উপর জোর দেন। এটি হয় তাঁবুর মধ্যেই। কারণ বাইরে বৃষ্টি হচ্ছিল। মোহন বাগানে ট্রায়াল পর্ব প্রায় শেষ। মিঠুন সামন্ত আর পুনে সিটি এফ সি



আই লিগে যে পাঁচ বিদেশিই খেলানো হবে তা এখনও সরকারিভাবে জানায়নি ফেডারেশন। একজন এশিয়ান ফুটবলার নিতে হবে। বায়ো কামো- ক্রোমাদের দেখে নিই কলকাতা লিগে। আমাদের পরবর্তী বিদেশি রিক্রুট নভেম্বরের পর। আইএসএলের কিছু ফ্র্যাঞ্চাইজির কাছে মাউরো ওর্টিজের সিডি এসেছে। তবে আর্জেন্টিনার এই তরুণ একঝাঁক বৃদ্ধ বিদেশির সঙ্গে আইএসএলে খেলতে আসবেন কেন? আইএসএলের নতুন ফ্র্যাঞ্চাইজি জামশেদপুর এফ সি'র থেকেও পুরানো ক্লাব মুম্বই এফ সি সিনি নর্ডিকে নিতে মরিয়া। তাঁর দল উঠতে চলেছে পৌনে তিন কোটির মতো। সনি

থেকে ট্রায়ালে আসা রহিত জর্ডনকে নিচ্ছে মোহন বাগান। বই সিংও নিশ্চিত। নেওয়া হতে পারে অর্ক দে'কে। শিল্ড রানার্স দলের অধিনায়ক অরুণ মামাকে আপাতত নেওয়া হচ্ছে না সিনিয়র দলে। রহিত জর্ডন শিল্ড পুনে সিটি এফ সি'র হয়ে খেলেছিলেন। নজরও কাড়েন।

মোহন বাগান কোচ রবিবার কিংসুক দেবনাথ, বিক্রমজিৎ সিং, সৌরভ দাস, বায়ো কামো, রেনিয়র ফার্নান্ডেজের মতো পরিচিত কিছু ফুটবলারকে অনুশীলনে ডেকেছেন। ট্রায়ালের জন্য চুক্তিবদ্ধ ফুটবলারদের স্বাভাবিক ট্রেনিং কিঞ্চিৎ বিঘ্নিত হচ্ছে। তাই এই গ্রুপটিকে নিয়ে বিশেষ ট্রেনিং হবে আজ। ফেসবুক- টুইটারে কে বা কারা ছড়িয়ে দিয়েছে আর্জেন্টিনার অনূর্ধ্ব-২৩ দলের খেলোয়াড় মাউরো ওর্টিজকে নিচ্ছে মোহন বাগান। এই ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করা হলে মোহন বাগান অর্থ সচিব জানান, 'এটা নেহাতই গুজব। এই রকম কোনও খেলোয়াড়কে আমরা নিচ্ছি না। আমাদের তিন বিদেশি আছে।

অবশ্য দুই ফ্র্যাঞ্চাইজির কাছে দাবি করেছেন হোমটাউনে ম্যাচ কিংবা প্র্যাকটিসের জন্য তাঁকে দিতে হবে ক্লাটে থাকার অনুমতি। কারণ তাঁর ছেলের বয়স মাত্র সাত মাস। চার কোটি স্পনসর পেতে চললেও সভাপতিহীন মোহন বাগান সনি সনিকে আড়াই- তিন কোটি কি দিতে পারবে? মোহন বাগানে খেললে বাড়তি দুই মাস সনি দেশের বাড়ি কিংবা মায়ামিতে থাকতে পারবেন। আইএসএলে খেললে তাঁকে আগস্টেই আসতে হবে ভারতে।

এটিকে'র বৃত্তি: দেশের সেরা পাঁচ ক্রীড়াবিদকে বৃত্তি দেবে এটিকে। এটা ঠিক করবে ক্রীড়াবিদদের নিয়ে গড়া একটি জুরি বোর্ড। দায়িত্বে এটিকে'র সিইও রঘু আয়ার। এবার দল চালাতে তিনি বড় ভূমিকা নিচ্ছেন। আতলেতিকো মাদ্রিদকে যাঁরা এনেছিলেন তাঁরা দলের অন্তরে একটু ছড়ি ঘোঁরাতে। তাঁদের সুকৌশলে ছেঁটে দিয়েছে এটিকে টিম ম্যানেজমেন্ট। এদিন অবশ্য দেখা যায়নি সৌরভ গান্ধুলিকে।